



PRESS RELEASE


আজ(২৪.০৮.২০১৭) বিকাল ৪ঘটিকায় ধর্মনগর মহকুমার অন্তর্গত দেওয়ানপাশা, হাফলং ও শ্রীপুর গ্রামের সচেতন নাগরিকদের পক্ষ থেকে District Magistrate & Collector, North Tripura এর নিকট হস্তক্ষেপ ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করার জন্য প্রতিনিধি মূলক ডেপুটেশন প্রদান করা হয়।

গত ১৩/০৯/২০১৬ আমাদের নজরে আসে যে শ্রীমতি নমিতা তেওয়ারী ও লক্ষী তেওয়ারী, পিতা মৃত: ধনঞ্জয় তেওয়ারী এর ৩৬শতক জায়গা গ্রাম: দেওয়ানপাশা, ধর্মনগর, উত্তর ত্রিপুরা, একই গ্রামের বাসিন্দা শ্রীমতি: রীনা রানি সোনার(সাহ) স্বামী: শ্রী সঞ্জয় কুমার সাহ অবৈধ ভাবে দলিল করে আত্মসাৎ করে। আমরা ঘটনার খোঁজ খবর নিয়ে বিগত ১৫/০৯/২০১৬ইং মহকুমা শাসক, ধর্মনগর এর কাছে এই বিষয়ে সুষ্ঠু তদন্ত সাপেক্ষে পদক্ষেপ গ্রহনের জন্য লিখিত অভিযোগ দায়ের করি। প্রশাসনের দীর্ঘমেয়াদী উদাসিনতার জন্য গ্রামবাসি পুনরায় ২০/০৭/২০১৭ ইং মহকুমা প্রশাসনের কাছে গণডেপুটেশন প্রদান করা হয়। কিন্তু বিধ্বয়ের বিষয় যে আজ অবদি ঘটনার কোন সুষ্ঠু মিমাংসা বা পদক্ষেপ গ্রহন হয়নি, তদন্তের নামে দীর্ঘ মেয়াদি অবহেলার কারণে আজ দুটি নাবালিকা কন্যা নিরুপায় ও অসহায়। (Enclosed in Annexure-1/2/3).

সেইহেতু, বিষয়টি সুষ্ঠু তদন্তক্রমে দ্রুত পদক্ষেপ গ্রহন করার জন্যে নিম্নোক্ত বিষয়গুলি বিবেচনার জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি:

(১)যে যায়গা অবৈধ ভাবে ক্রয় বিক্রয় হয় তাঁর বিবরণ:-

১.ক:



(জায়গার প্রকৃত মালিক (১)মৃত: সরস্বতী তেওয়ারী, স্বামী: রাজ নারায়ণ তেওয়ারী (২) লীলা তেওয়ারী, পিতা: রাজনারায়ণ তেওয়ারী, (৩)মৃত: মীরা তেওয়ারী, পিতা: রাজনারায়ণ তেওয়ারী।) (Enclosed in Annexure-4).

১.খ: জায়গার দাগ ও খতিয়ান নং ৭৮৬, মৌজা নং (৬৯৩,৮,২৩)৭৪৪

১.গ: উল্লেখ্য যে (১)নং, ও (৩)নং জায়গার মালিক মৃত এবং (২)নং মালিক বিহার রাজ্যে বসবাস করছে।

১.ঘ: ১নং মালিকের কোন ওয়ারিশ নেই, ২নং মালিকের ওয়ারিশ অজ্ঞাত এবং ৩নং মালিকের দুই নাবালিকা ওয়ারিশ শ্রীমতি নমিতা তেওয়ারী ও শ্রীমতি লক্ষী তেওয়ারী। এমত অবস্থায় জায়গার বাটোয়ারা নামা করে পরচা বের করা হয় কিভাবে? এবং জায়গার দলিল রেজিস্ট্রী হয় কিভাবে? (Enclosed in Annexure-5/6).



(২) জায়গার দলিল রেজিস্ট্রী সম্পর্কিত কিছু তথ্যঃ

* জায়গার প্রকৃত মালিকানার ৩নং মালিকের দুজন ওয়ারিশই নাবালিকা এমত অবস্থায় কিভাবে দলিল রেজিস্ট্রী হল?

(ক) জায়গার প্রকৃত মালিকদের মধ্যে ২নং মালিককে বহিঃরাজ্যে রেখে এবং ৩নং মালিকের দুইজন নাবালিকা ওয়ারিশকে অজ্ঞাত রেখে কি করে ওয়ারিশ সার্টিফিকেট বের হল, এবং জায়গা ভাগ হল।

(খ) জায়গার ক্রয় বিক্রয়ের দলিলে নাবালিকা শ্রীমতি নমিতা তেওয়ারী বয়স ১১ বছর (তখন) কে সাক্ষ্য করে দলিল রেজিস্ট্রী করা হয় কিভাবে? (Enclosed in Annexure-6).

(৩) তথ্য জানার অধিকার আইন থেকে নিম্নলিখিত বিষয়গুলি প্রকাশ পায়ঃ

৩.কঃ তথ্য জানার অধিকার আইনে প্রকাশ পায় যে, Survival Certificate (No: 208/SDM/DMR Dt. 07.05.2016) এর ভিত্তিতে দলিল করা হয়, সেই Survival Certificate এর কোন Record অফিসে নেই, সুতরাং এটি জাল। (Enclosed in Annexure-7).

৩.খঃ তথ্য জানার অধিকার আইনে প্রকাশ পায় যে, S.K Shaw জায়গার দলিল করার সময় লক্ষী তেওয়ারীর যে দুটি বয়সের প্রমান পত্র সাব-রেজিস্ট্রার অফিসে জমা করেছিলেন, সেই বয়সের প্রমান পত্রের দুটিতে দুটি আলাদা আলাদা জন্মের তারিখ দেওয়া, যা থেকে প্রমানিত হয় যে দুটি বয়সের প্রমান পত্রই জাল। (Enclosed in Annexure-8).

৩.গঃ ধর্মনগর মহকুমা শাসকের আদেশে, বিগত ০৪/০৫/২০১৭ ইং হোমস্পীনী ভট্টাচার্য Deputy Collector, Dharmanagar যে এনকোয়ারী রিপোর্ট জমা করেন তা থেকে প্রকাশ পায় যে শ্রীমতি লক্ষী তেওয়ারী এর যে Birth Certificate, SDM, Dharmanagar এর নিকট জমা করা হয়েছে No: 0758401 সেটা সটীক এবং S.K Shaw জায়গার দলিল করার সময় লক্ষী তেওয়ারীর যে বার্থ সার্টিফিকেট সাব-রেজিস্ট্রার অফিসে জমা করেছিলেন, যার নং-025484 সে সার্টিফিকেট বাজারিছড়া (করিমগঞ্জ, আসাম) S.H.C তে তাঁর কোন রেকর্ড নেই, তাঁর মানে এই সার্টিফিকেট জাল। (Enclosed in Annexure-9).

৩.ঘঃ ধর্মনগর মহকুমা শাসকের আদেশে, বিগত ০৮/০৫/২০১৭ ইং হোমস্পীনী ভট্টাচার্য Deputy Collector, Dharmanagar পুনরায় একটি এনকোয়ারী রিপোর্ট জমা করেন তা থেকে প্রকাশ পায় S.K.Shaw কিছুদিন পর D.C ধর্মনগরের নিকট একটি ডকুমেন্টস এনে জমা করেন যাতে লেখা আছে “যদিও উক্ত সার্টিফিকেটের কোন রেকর্ড নেই, কাউন্টার ফলিও আছে” এই ক্ষেত্রে D.C এর মন্তব্যে পরস্পর বিরোধী তথ্য প্রকাশ পায়। কারন যে সার্টিফিকেটের কোন রেকর্ড নেই সেই সার্টিফিকেটের কাউন্টার ফলিও কিভাবে পাওয়া যায়? (Enclosed in Annexure-10).

এতএব মহোদয় বিষয়টির সুষ্ঠু তদন্তক্রমে দ্রুত পদক্ষেপ গ্রহন করে বিষয়টির মিমাংসা করলে অসহায় নাবালিকাছয় তাঁদের সম্পত্তি ফিরে পাবে ও এলাকার জনগনের ক্ষোভ প্রশমিত হবে।

ধন্যবাদান্তে

Date: 24.08.2017